গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
বিরল, দিনাজপুর।
**useobiro2017@gmail.com**

স্মারক নং ঃ উমাশিঅ/বিরল/দিনাজ/২০২৫/৪৬৫ — তারিখ ঃ ২৩/০৯/২০২৫ খ্রি.

## দরপত্রের বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০১.১৭.৩০৭; তারিখঃ ২২ মে ২০২৪ মোতাবেক দিনাজপুর জেলার বিরল উপজেলার ২০২৪ শিক্ষাবর্ষ পর্যন্ত (বিগত কয়েক বছরের) উদ্বৃত্ত/অবিতরণকৃত/অপ্রয়োজনীয়/ব্যবহার অযোগ্য মওজুদ পাঠ্যপুস্তকের পরিমান আনুমানিক ৩০০০ কেজি (প্রায়)। উক্ত উদ্বৃত্ত/অবিতরণকৃত/অপ্রয়োজনীয়/ব্যবহার অযোগ্য মওজুদ পাঠ্যপুস্তক অস্থায়ী গুদাম বিরল সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে ও উপজেলা কোয়াটারে সংরক্ষিত আছে যা দরপত্র এর মাধ্যমে বিক্রয় করা হবে। আগামী ১২/১০/২০২৫ খ্রি. তারিখ সকাল ১১:৪৫ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয় এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, বিরল, দিনাজপুর-এ দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র গ্রহণ শেষে একই দিনে দুপুর ১২:১৫ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ে দরপত্র সমূহ মূল্যায়ন করা হবে।

**শর্তাবলীঃ**

১। প্রতি কেজি বইয়ের সর্বনিম্ন মূল্য ১৫.০০ টাকা।

২। বইয়ের পরিমান আনুমানিক ৩০০০ কেজি।

৩। আগ্রহী ক্রেতাগণ উল্লিখিত দরপত্র প্রদানের পূর্বে উল্লিখিত বিদ্যালয় ও উপজেলা কোয়াটারে রক্ষিত পাঠ্যপুস্তক যে কোন কর্মদিবসে অফিস চলাকালীন সময়ে দেখতে পারবেন।

৪। আগ্রহী ক্রেতাগণকে তাদের নিজস্ব প্যাডের পাতায় কেজি প্রতি “দর” উল্লেখপূর্বক দরপত্র দাখিল করতে হবে।

৫। সর্বোচ্চ দরদাতাকে ক্রয়কৃত পাঠ্যপুস্তকের মূল্যের উপর ১০% ভ্যাট এবং ৫% আয়কর প্রদান করতে হবে। সর্বোচ্চ দরদাতাকে ৭ (সাত) দিনের মধ্যে বই পরিমাপ পূর্বক সর্বমোট মূল্য সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে পূর্বেই টাকা জমা দিতে হবে এবং পরে বই বহন করতে হবে।

৬। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট বিদ্যালয় ও উপজেলা কোয়াটারে থেকে নিজ খরচে পরিবহন সহ বই পরিমাপ করে নিতে হবে।

৭। দরপত্র দাতাগণকে জামানত হিসেবে ১৫,০০০/- (পনেরো হাজার) টাকার ব্যাংক ড্রাফটসহ দরপত্র দাখিল করতে হবে।

৮। সর্বোচ্চ দর দাতাকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্ত দরদাতা যদি ক্রয় করতে অনিচ্ছুক হয় তবে তার জামানত বাজেয়াপ্ত হবে এবং নীতিমালা ও প্রচলিত বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। সংরক্ষিত পাঠ্যপুস্তকসমূহ দুইটি গুদাম হতে ওজন করে পাঠ্যপুস্তক (নষ্ট, ব্যবহার অযোগ্য) সংগ্রহ করার পর কম বা বেশি যত কেজি হবে তত কেজির মূল্য তাৎক্ষনিক ভাবে পরিশোধপূর্বক বই বহন করতে হবে।

১০। কর্তৃপক্ষ দরপত্র বাতিল বা গ্রহণ করার সকল ক্ষমতা সংরক্ষন করেন।

২৩/০৯/২৫
(মোছাঃ রাবেয়া খাতুন)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
অবিতরণকৃত পাঠ্যপুস্তক বিক্রয়/বিনষ্ঠ কমিটি
বিরল, দিনাজপুর

**অনুলিপি:**

১। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
২। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৩। উপজেলা নিবার্হী অফিসার, বিরল, দিনাজপুর
৪। উপজেলা প্রকৌশলী, বিরল, দিনাজপুর
৫। উপজেলা শিক্ষা অফিসার, বিরল, দিনাজপুর
৬। অফিস নথি